



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৫২৬০/৩৬৮

তারিখ : ১৫-০৬-২০২৩ খ্রি.

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : ক) বিগত ২১-০৫-২০২৩ খ্রি. তারিখে জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া-এর ৩৭.১০.৫০০০.০০০.৩১.২৩-৩৫৮ স্বাক্ষরপত্র।
খ) জনাব মোঃ হাফিজুর রহমান-এর ০৯-০৪-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২০৪১৮)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন কামালপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম ও সভাপতি জনাব মোঃ শুভরাজ আলী এর বিরুদ্ধে জনাব মোঃ হাফিজুর রহমান অভিযোগ দাখিল করলে জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করা হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, ম্যানেজিং কমিটির নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম অভিযোগটি সত্য নয়। তদন্ত প্রতিবেদনে আরো উল্লেখ করেছেন, ম্যানেজিং কমিটির সভাপতি একজন সুদখোর, চাঁদাবাজ, সন্ত্রাসী হিসেবে এলাকায় পরিচিত। এতদবিষয়ে ৪৯৭/২০১৭ মামলার তিনি একজন সাজাপ্রাপ্ত আসামী এবং পর্ণোছাফি মামলার ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদন্ড, ৩০০ (তিনশত) টাকা অর্থ দন্ড ও অনাদায়ে আরও ১৫ (পনের) দিনের সশ্রম কারাদন্ড প্রদান করে। তদন্ত কর্মকর্তা বর্তমান সভাপতি অপসারণপূর্বক নতুন সভাপতি নির্বাচনের জন্য সুপারিশ করেছেন। এমতাবস্থায়, প্রবিধান-২০০৯ এর ১১ (ঘ) ধারা অনুযায়ী কোন ফৌজদারী অপরাধে দন্ড প্রাপ্ত আসামী সদস্য থাকতে পারবে না বিধায় কেন আপনাকে সভাপতি পদ হতে অব্যাহতি দেওয়া হবে না তার জবাব ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভাপতি/এডহক/ম্যানেজিং কমিটি
কামালপুর মাধ্যমিক বিদ্যালয় (১৩৩৮৩২)
মৌবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৫২৬০/৩৬৮(১-৭)

তারিখ : ১৫-০৬-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। প্রধান শিক্ষক, কামালপুর মাধ্যমিক বিদ্যালয়, মৌবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। জনাব মোঃ হাফিজুর রহমান (অভিযোগকারী)।
- ৭। সংরক্ষণ নথি।


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
